SHAKTI™
নারীর ক্ষমতায়নে শক্তি

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি(এম আর এ)
সনদ নং
০০১৭৬-০০০৫৯-০০০১৮

# শক্তি বার্তা



## অপরচুনিটি ইন্টারন্যাশনাল প্রতিনিধিদলের শক্তির মাইক্রোফাইন্যান্স ও স্বাস্থ্য কর্মসূচি পরিদর্শন





গত ৪ ও ৫ নভেম্বর ২০২৫ তারিখে অপরচুনিটি ইন্টারন্যাশনাল-এর উচ্চপর্যায়ের প্রতিনিধিদল শক্তি ফাউন্ডেশন পরিদর্শন করেন। প্রতিনিধিদলের সদস্যরা ঘানা, উগান্ডা, কেনিয়া, যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্য থেকে আগত। দুই দিনের কর্মসূচির অংশ হিসেবে অনুষ্ঠিত মতবিনিময় সভায় আলোচনা হয় কিভাবে শক্তির মাইক্রোফাইন্যান্স ও স্বাস্থ্য কর্মসূচি একত্রে সমাজের প্রান্তিক জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়নে অবদান রাখছে। সভায় শক্তির মোবাইল হেলথ ক্লিনিক কার্যক্রম ও মাইক্রোফাইন্যান্স প্রোগ্রামের বাস্তব অভিজ্ঞতা তুলে ধরা হয়, যেখানে অংশগ্রহণকারীরা নিজ নিজ দেশের অভিজ্ঞতা ও মতামত বিনিময় করেন। ফিল্ড ভিজিটে প্রতিনিধিদল সরেজমিনে শক্তির মাঠপর্যায়ের কার্যক্রম পরিদর্শন করে। তারা সদস্যদের সাথে কথা বলেন, তাদের জীবনে শক্তির উদ্যোগগুলো কিভাবে ইতিবাচক পরিবর্তন এনেছে তা প্রত্যক্ষভাবে শুনেন এবং সেবার মান সম্পর্কে মতামত গ্রহণ করেন। এই সফর উভয় প্রতিষ্ঠানের মধ্যে পারস্পরিক অভিজ্ঞতা বিনিময় ও ভবিষ্যৎ সহযোগিতার নতুন সম্ভাবনা উন্মোচন করেছে।

## ঢাকা ফ্লো ফেস্ট ২০২৫-এ শক্তি ফাউন্ডেশনের অংশগ্রহণ






৬ থেকে ৮ নভেম্বর ২০২৫ তারিখে গুলশানের বিচারপতি সাহাবুদ্দীন আহমদ পার্কে অনুষ্ঠিত ঢাকা ফ্লো ফেস্ট ২০২৫-এ অংশগ্রহণ করে শক্তি ফাউন্ডেশন। তিন দিনব্যাপী এ আয়োজনে শক্তি ফাউন্ডেশন পরিবেশ সংরক্ষণ, বায়ুদূষণ সচেতনতা এবং টেকসই নগর উন্নয়ন বিষয়ে গ্রহণকৃত বিভিন্ন উদ্যোগ প্রদর্শন করে, যা দর্শনার্থীদের মধ্যে ব্যাপক আগ্রহ সৃষ্টি করে। ফেস্টে রিয়েল-টাইম এয়ার কোয়ালিটি ইনডেক্স (AQI) প্রদর্শন ও এই উদ্যোগের মাধ্যমে নগর বায়ুর মান সম্পর্কে তাৎক্ষণিক ধারণা প্রদান এবং জনসচেতনতা বৃদ্ধি করা হয়। পাশাপাশি ঢাকার প্রথম মানবসৃষ্ট নগর বন "লাউতলা বন"-এর প্রদর্শনীতে শহর সবুজায়ন ও জলবায়ু সহনশীল নগরায়ণে শক্তির উদ্ভাবনী কার্যক্রম তুলে ধরা হয়। আয়োজনে পরিবেশ ও বন্যপ্রাণী সংরক্ষণ বিষয়ে একটি প্যানেল আলোচনা অনুষ্ঠিত হয়, যেখানে শক্তি ফাউন্ডেশনের ক্লাইমেট চেঞ্জ প্রোগ্রামের স্ট্র্যাটেজিক অ্যাডভাইজর লাবিবা রহমান প্যানেলিস্ট হিসেবে অংশগ্রহণ করেন। তিনি শক্তির নগর বন প্রকল্প এবং টেকসই সবুজায়ন কার্যক্রমের অভিজ্ঞতা উপস্থাপন করেন। প্যানেলের অন্যান্য সদস্যগণও জীববৈচিত্র্য সংরক্ষণ, পরিবেশ রক্ষা এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য পরিচ্ছন্ন ও সবুজ নগর গঠনের প্রয়োজনীয়তা নিয়ে মতামত প্রদান করেন।

## নারী নির্যাতনের বিরুদ্ধে আন্তর্জাতিক প্রতিবাদ দিবস উদযাপন

২৫ নভেম্বর ২০২৫, মঙ্গলবার বিকেলে নারী নির্যাতনের বিরুদ্ধে আন্তর্জাতিক প্রতিবাদ দিবস উপলক্ষে জাতীয় সংসদ ভবনের সামনে ৬১টি নেটওয়ার্ক সংস্থার সাথে একযোগে কর্মসূচি পালন করে শক্তি ফাউন্ডেশন। নারী নির্যাতনের বিরুদ্ধে আন্তর্জাতিক প্রতিবাদ দিবস উদযাপন কমিটি'র আয়োজিত এ কর্মসূচিতে সাংস্কৃতিক পরিবেশনা শেষে সন্ধ্যায় মশাল মিছিল অনুষ্ঠিত হয়। এছাড়াও শক্তি ফাউন্ডেশনের উদ্যোগে স্থাপিত শক্তি হেলথ ডেস্কের মাধ্যমে আগত অংশগ্রহণকারীরা স্বল্প পরিসরে প্রাথমিক ফ্রি স্বাস্থ্যসেবা গ্রহণের সুযোগ পান। নারীর জীবনচক্রভিত্তিক উন্নয়নে শক্তি ফাউন্ডেশন দীর্ঘ তিন দশক ধরে নানামুখী কার্যক্রম পরিচালনা করে আসছে, যা একজন নারীর সার্বিক অগ্রযাত্রা ও জীবনমান উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।



## মেডিকেল অ্যাসিস্ট্যান্টদের জন্য 'Disability Inclusion' প্রশিক্ষণ অনুষ্ঠিত



সমাজের পিছিয়ে পড়া মানুষদের স্বাস্থ্য সুরক্ষায় দেশব্যাপী স্বাস্থ্যসেবা কার্যক্রম পরিচালনা করে আসছে শক্তি ফাউন্ডেশন। যেসব মানুষ হাসপাতালে গিয়ে সেবাগ্রহণে অক্ষম মোবাইল ক্লিনিকের মাধ্যমে তাদের দোরগোড়ায় স্বাস্থ্যসেবা পৌঁছে দিচ্ছে শক্তি মোবাইল হেলথ ক্লিনিক। বিশেষ করে প্রতিবন্ধী ব্যক্তিরা যেন আরো বিস্তৃত পরিসরে ও কার্যকরী উপায়ে সেবা পেতে পারে সে লক্ষ্যে শক্তি মোবাইল হেলথ ক্লিনিকের মেডিকেল অ্যাসিস্ট্যান্টদের জন্য Disability Inclusion প্রশিক্ষণের আয়োজন করা হয়। সেন্টার ফর ডিজঅ্যাবিলিটি ইন ডেভেলপমেন্টের (CDD)-এর সহায়তায় স্টার্ক, সাভারে ১৫ থেকে ১৭ নভেম্বর ৩ দিন ব্যাপী এই প্রশিক্ষণটি অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণের মাধ্যমে মেডিক্যাল এসিসট্যান্টরা বিশেষ পদ্ধতিতে (WGQ) প্রতিবন্ধী ব্যক্তিদের চিহ্নিতকরণ, সহজলভ্য স্বাস্থ্যসেবা প্রদান এবং প্রয়োজন অনুসারে রেফারাল পদ্ধতি ব্যবহারের দক্ষতা অর্জন করে। এছাড়াও প্রশিক্ষণে বিভিন্ন সহায়ক ডিভাইসের ব্যবহার প্রক্রিয়াও প্রদর্শন করা হয়।

## চা-জনগোষ্ঠীর নারী ও শিশুদের বিনামূল্যে স্বাস্থ্য ও আইনি সেবা প্রদান





২৪ নভেম্বর ২০২৫ তারিখে শক্তি ফাউন্ডেশনের উদ্যোগে চা-বাগানের নারী শ্রমিক ও তাদের সন্তানদের জন্য বিনামূল্যে স্বাস্থ্যসেবা এবং আইনি সহায়তা প্রদান করা হয়। শ্রীমঙ্গল উপজেলার সাতগাঁও ইউনিয়ন পরিষদ প্রাঙ্গণে আয়োজিত এই ব্যতিক্রমধর্মী ক্যাম্পে ২ জন বিশেষজ্ঞ ডাক্তারের তত্ত্বাবধানে ১৩৭ জন নারী, ১০৮ জন শিশু এবং অন্যান্য ৫ জনসহ মোট ২৫০ জনকে প্রয়োজনীয় স্বাস্থ্যসেবা, পরামর্শ ও ওষুধ সরবরাহ করা হয়। এছাড়া বাংলাদেশ লিগ্যাল এইড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)-এর সহযোগিতায় অভিজ্ঞ আইনজীবীর মাধ্যমে ১১ জনকে বিনামূল্যে আইনি পরামর্শ ও সহায়তা প্রদান করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, সাতগাঁও স্কুলের সহকারী প্রধান শিক্ষক, প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক এবং শক্তি ফাউন্ডেশনের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ। উল্লেখ্য, শক্তি ফাউন্ডেশন ও ব্লাস্ট দীর্ঘদিন ধরে সমাজের সুবিধাবঞ্চিত নারী, কিশোরীদের আইনি সহায়তা প্রদান ও সচেতনতা বৃদ্ধিতে যৌথভাবে কাজ করছে। শক্তি ফাউন্ডেশনের এই উদ্যোগ "ওয়ান স্টপ সার্ভিস" এর ধারণাকে আরও শক্তিশালী করেছে—যেখানে একই স্থানে সুবিধাবঞ্চিত নারীরা স্বাস্থ্যসেবা ও আইনি সহায়তা উভয়ই পেয়েছেন। সুবিধাবঞ্চিত নারীদের জীবনচক্রভিত্তিক উন্নয়নে শক্তি ফাউন্ডেশন সঞ্চয়, ঋণ, স্বাস্থ্যসেবা, আইনি সহায়তা, ডে-কেয়ার সেন্টার, বৃদ্ধাশ্রমসহ নানামুখী উদ্যোগ নিয়ে দীর্ঘ ৩ দশক ধরে কাজ করছে, যা একজন নারীর সামগ্রিক জীবনমান উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

## একনজরে শক্তি (নভেম্বর ৩০, ২০২৫)

বিভাগ ৮

জেলা ৫৭

জোন ৪

রিজিয়ন ২৭

এরিয়া ১১৯

ব্রাঞ্চ ৬০৩

সদস্য ৫,৫১,৫৬৩ জন

ঋণী ৪,৩৮,৮১৩ জন

সঞ্চয় স্থিতি ১,৪৬৭ কোটি

ঋণস্থিতি ৩,১৩৩ কোটি টাকা

কর্মী সংখ্যা ৫,২০০ জন

মেডিকেল অ্যাসিস্ট্যান্ট ৯২ জন

প্রধান কার্যালয়
শক্তি ভবন, বাড়ি নং-০৪,
রোড নং-০১, ব্লক-এ, সেকশন-১১
মিরপুর,পল্লবী,ঢাকা - ১২১৬

+৮৮ ০৯৬১৩-৮৮৪১১১
+৮৮ ০২-৫৮০৫২০৩১
+৮৮ ০১৮১৯৮৫০১৪৮

shakti.org.bd
/SFDWbd
/company/sfdwbd

প্রতি মাসে 'শক্তি বার্তা'র অনলাইন কপি পেতে ইমেইল চেক করতে ভুলবেন না।